"দক্ষতা নিয়ে যাবো বিদেশ
রেমিট্যান্স দিয়ে গড়বো স্বদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা


খানসামা, দিনাজপুর।
Email: ttckhansama@gmail.com
Web: https://ttckhansama.dinajpur.gov.bd


স্মারক নং- ৪৯.০১.২৭৬০.০০৩.১৮.০০১.২৬. ৭৭৮৭ তারিখঃ ১১ আগস্ট, ২০২৬ খ্রি.।

## "দেশ-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান" শীর্ষক প্রকল্পের আওতায় "ড্রাইভিং উইথ অটোমেকানিক্স" কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), খানসামাতে নিম্নে বর্ণিত কোর্সে সম্পূর্ণ সরকারি খরচে শুধুমাত্র ড্রাইভিং পেশায় কর্মসংস্থানের লক্ষ্যে "দেশ-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় ০৩ মাস/৩৬০ ঘণ্টা মেয়াদী অক্টোবর-ডিসেম্বর/২০২৬ খ্রি.(৭ম ব্যাচ) সেশনে ভর্তি ইচ্ছুক প্রার্থীদেরকে **employee.oep.gov.bd** লিংকে প্রবেশ করে BMET Registration এর মাধ্যমে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে সকাল/বিকাল ব্যাচ সঠিক ভাবে নিশ্চিত করে আবেদন করতে হবে।

| ক্র. নং | কোর্সের নাম | কোর্সের মেয়াদ | শিক্ষাগত যোগ্যতা | বয়স সীমা | কোর্স ফি | আসন সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | ড্রাইভিং উইথ অটোমেকানিক্স-সকাল | ৩৬০ ঘণ্টা/ ০৩ মাস (অক্টোবর-ডিসেম্বর ২০২৬ খ্রি.) | ন্যূনতম ৮ম শ্রেণি/জেএসসি/ সমমান | ২১ হতে ৪৫ বৎসর (০১/১০/২০২৬ খ্রি. তারিখে) | ফ্রি | সকাল-২০ | প্রশিক্ষণ শেষে বিআরটিএ কর্তৃক গৃহীত টেস্টে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের পেশাদার ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির সকল খরচ প্রকল্প হতে প্রদান করা হবে। |
| ০২. | ড্রাইভিং উইথ অটোমেকানিক্স-বিকাল | | | | | বিকাল-২০ | |

### আবেদন, প্রবেশপত্র সংগ্রহ, ভর্তি ও ক্লাস শুরুর তথ্যাদি

| | | |
|---|---|---|
| ভর্তি ফরম সংগ্রহ ও জমা | ১১-০৮-২০২৬ তারিখ সকাল ১০.৩০ মিনিট হতে ২১-০৯-২০২৬ তারিখ বিকাল ০৩.৩০ মিনিট পর্যন্ত **employee.oep.gov.bd** লিংকে প্রবেশ করে **BMET Registration** এর মাধ্যমে আবেদন করতে হবে এবং ফরম পূরণ করে অফিসে জমা দিতে হবে। | ২১-০৯-২০২৬ তারিখ বিকাল ০৪.০০ টা থেকে আবেদনকারীর সচল মোবাইল নম্বরে SMS যাবে এবং আবেদনকারী **employee.oep.gov.bd** লিংকে প্রবেশ করে নিজ প্রোফাইল থেকে প্রবেশপত্র সংগ্রহ করে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবেন। |
| | | **নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময় যা জমা দিতে হবেঃ** |
| ভর্তির জন্য প্রার্থী বাছাই-এর তারিখ | ২৩/০৯/২০২৬ খ্রি. | ১) প্রার্থীর সদ্য তোলা রঙ্গিন ছবি - ০২ কপি ।<br>২) NID এর ফটোকপি।<br>৩) পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের কপি (ওয়ার্ড নম্বর/ইউনিয়নের নাম অবশ্যই উল্লেখ থাকতে হবে)।<br>৪) শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের ফটোকপি।<br>৫) আবেদনপত্রে অবশ্যই মোবাইল নম্বর লিখতে হবে।<br>৬) বৈদেশিক চাকুরী প্রার্থীদের পাসপোর্টের ফটোকপি। |
| ফলাফল প্রকাশ | ২৩/০৯/২০২৬ খ্রি. | |
| ভর্তি শুরু এবং শেষ তারিখ | ২৪/০৯/২০২৬ খ্রি. হতে ২৮/০৯/২০২৬ খ্রি. পর্যন্ত | |
| অপেক্ষমান হতে ভর্তি | ২৯/০৯/২০২৬ খ্রি. | |
| প্রশিক্ষণ ক্লাশ শুরু | ০১/১০/২০২৬ খ্রি. | |

### সুযোগ সুবিধা ও শর্তসমূহ

১. প্রাথমিক ভাবে ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির সকল খরচ প্রশিক্ষণার্থীদের বহন করতে হবে (BRTA চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে লাইসেন্স পাওয়ার পর সরকারি বরাদ্দপ্রাপ্তি স্বাপেক্ষে বৃত্তি এবং লাইসেন্স ফি প্রদান করা হবে)।
২. বিআরটিএ পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের উপস্থিতি অনুসারে দৈনিক ১০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে (বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)।
৩. নির্বাচিত প্রার্থীর সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য ও ভাল দৃষ্টিশক্তি পরীক্ষার সনদপত্র ভর্তির ০৭ দিনের মধ্যে জমা দিতে হবে।
৪. কোনো প্রার্থী ইতঃপূর্বে যে কোনো কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ড্রাইভিং প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নেই/বাতিল বলে গণ্য হবে।
৪. বিদেশ ফেরত, গরীব, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সমাজের পিছিয়ে পড়া সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী এবং ড্রাইভিং পেশায় অধিকতর আগ্রহী ও পাসপোর্ট ধারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে (আবেদনের সাথে প্রমাণক দাখিল করতে হবে)।
৫. প্রশিক্ষণার্থীদের উপস্থিতি ফেসিয়াল রিকগনিশন ক্যামেরা এবং বায়োমেট্রিক হাজিরার মাধ্যমে নিশ্চিত করা হবে।
৬. প্রশিক্ষণ সময়ঃ সকালের ব্যাচ: ০৯.০০ হতে ০১.০০ টা এবং বিকালের ব্যাচ: ০২.০০ হতে ০৬.০০ টা।
৭. যাদের কোন প্রকার ড্রাইভিং লাইসেন্স আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।
৮. স্কুল/কলেজে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই।

বিঃদ্রঃ যে কোনো কারণ দর্শানো ব্যতিরেখে এই বিজ্ঞপ্তিটি সম্পূর্ণ বাতিল বা সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ভর্তি তথ্যের জন্য যোগাযোগ :
০১৫১৮৩৩৬৩১৫, ০১৬০৮৪৫৬৫০২

১১/০৮/২০২৬
(নিমাই কুমার দত্ত)
অধ্যক্ষ
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা, দিনাজপুর।